

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
www.debendracollege.gov.bd

নং-সদেক/২০২৫/প্রশাঃ/এন-২/১০৭

তারিখ: ১৭-০৫-২০২৫ খ্রি.


বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র কলেজের ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, মানিকগঞ্জ কর্তৃক মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৫ উদযাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন করেছে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছুক ছাত্র-ছাত্রীদের স্বহস্তে লিখিত রচনা আগামী ২৫-০৫-২০২৫ তারিখের মধ্যে সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, মানিকগঞ্জ-এ অফিস চলাকালীন সময়ে জমা দেয়ার জন্য আহ্বান করা হলো।

বিভাগ	শ্রেণি	বিষয়	শব্দসীমা
গ-বিভাগ	উচ্চ মাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তর	একটি ন্যায়ভিত্তিক সমাজ গঠনে মাদকমুক্ত যুবসমাজের ভূমিকা	২০০০

প্রতিযোগিতার নিয়মাবলীঃ

- ১) মানিকগঞ্জ জেলায় অবস্থিত সকল মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, স্নাতক ও সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রী রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- ২) রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখতে হবে। কোন ক্রমেই রচনার ফটোকপি গ্রহণযোগ্য নয়।
- ৩) রচনার প্রথম পাতায় প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণী ও রোল নম্বর উল্লেখ করতে হবে।
- ৪) রচনা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে দাখিল/প্রেরণ করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যম ব্যতীত কোন রচনা গ্রহণ করা হবেনা।
- ৫) খামের ওপর "রচনা প্রতিযোগিতা: মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস, ২০২৫" লিখতে হবে।
- ৬) স্বহস্তে লিখিত রচনা "সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, মানিকগঞ্জ" এর ঠিকানায় ২৫ মে ২০২৫ তারিখ, রোজ রবিবার অফিস চলাকালীন সময় (বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে) এর মধ্যে সরাসরি/ডাকযোগে পৌছাতে/প্রেরণ করতে হবে। ২৫ মে ২০২৫ তারিখের পরে কোন রচনা গ্রহণ করা হবেনা।


(প্রফেসর মোঃ শহীদুল্লাহমান)

আইডি নং ১০৫১

অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ